
# ঢাকার উত্তর বাড্ডায় চলন্ত যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগ



সংগৃহীত ছবি

রাজধানীর উত্তর বাড্ডায় এএমজেড হাসপাতালের সামনে দুর্বৃত্তরা যাত্রী সেজে উঠে একটি চলন্ত বাসে আগুন দেয়। এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। প্রায় ৪০ মিনিটে ফায়ার সার্ভিস আগুন নিয়ন্ত্রণে আনে।

রাজধানীর উত্তর বাড্ডার এএমজেড হাসপাতালের সামনে রোববার (১৪ ডিসেম্বর) রাত ৮টার দিকে যাত্রীবাহী একটি বাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। অছিম পরিবহনের ওই বাসটি চলন্ত অবস্থায় থাকতেই কয়েকজন দুর্বৃত্ত যাত্রী বেশে উঠে আগুন লাগিয়ে পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় বাসে যাত্রী ওঠানামা চলছিল, ফলে হঠাৎ আগুন লাগায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। তবে যাত্রীরা দ্রুত নিরাপদে নেমে যেতে পারায় বড় ধরনের ক্ষয়ক্ষতি এড়ানো সম্ভব হয়।

LENS ASIA

বারিধারা ফায়ার সার্ভিসের পরিদর্শক মাজাহারুল ইসলাম জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রায় ৪০ মিনিটের চেষ্টায় রাত ৮টা ৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। এতে কেউ হতাহত হয়নি।

এ ঘটনায় বাড্ডা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কাজী মো. নাসিরুল আমীন বলেন, অগ্নিসংযোগে জড়িতদের শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে।